দৈনিক ইত্তেফাক

তারিখ 10 OCT 1989 পৃষ্ঠা ৩ কলাম ২

052

৩০



ঠাকুরগাঁও : পীরগঞ্জ উপজেলার একটি পেয়ারা বাগান —ইত্তেফাক

# পীরগঞ্জ উপজেলায় প্রায় ২৩ হাজার ছাত্রছাত্রীকে পেয়ারা চাষে প্রশিক্ষণ দানের কর্মসূচী

ঠাকুরগাঁও সংবাদদাতা জানান, পীরগঞ্জ উপজেলা কৃষি বিভাগ "পুষ্টি ও পরিবেশ নিয়ন্ত্রণে ছাত্র-ছাত্রীদের মাধ্যমে পেয়ারার চাষ সম্প্রসারণ প্রকল্প" হাতে নিয়াছে। কৃষি বিভাগ পীরগঞ্জ উপজেলার ২২ হাজার ৮৬০ জন ছাত্র-ছাত্রীকে পেয়ারা চাষের জন্য প্রশিক্ষণ দান করিবে এবং আগামী ৩ বৎসরে উপজেলার প্রত্যেক প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ দানের কাজ সমাপ্ত হইবে। পীরগঞ্জ উপজেলা কৃষি বিভাগ বিভিন্ন স্থানে ৬০ হাজার কাজী পেয়ারার গাছ লাগানোর সিদ্ধান্ত নিয়াছে এবং অন্যান্য উপজেলাতেও এই কর্মসূচী সম্প্রসারণ করিবে।

কৃষি কর্মকর্তাগণ জানান, একটি পেয়ারার গাছ হইতে বৎসরে এক হাজার টাকার বেশী অর্থ উপার্জন করা সম্ভব। উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ প্রত্যেকে ৫টি করিয়া ও প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ প্রত্যেকে ২টি করিয়া পেয়ারার চারা রোপণ করিলে একদিকে ছাত্র-ছাত্রীগণ নিজেদের পড়াশুনার খরচ চালাইতে পারিবে, অন্যদিকে নিজে-

(৪র্থ পৃঃ দ্রঃ)

## পীরগঞ্জ উপজেলায়

(৩য় পৃঃ পর)

দের প্রয়োজনীয় পুষ্টি নিজেরাই সংগ্রহ করিতে পারিবে।

আশ্বিন-কার্তিক মাসে সাধারণ মানুষের ঘরে খাবার থাকে না এবং এই সময় ফলমূলেরও অভাব থাকে। কাজী পেয়ারা বৎসরের সব সময় পাওয়া যায় বলিয়া এই ফল গ্রামাঞ্চলে পুষ্টির অভাব মিটাইতে পারে। কৃষি বিভাগ ছাত্র-ছাত্রীদের মাধ্যমে কাজী পেয়ারা চাষের কর্মসূচী বাস্তবায়িত হইলে এই অঞ্চলে ৬ হাজার টন কাজী পেয়ারা উৎপন্ন হইবে।